# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯৩

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৫০. যা দিয়ে দুধ পান করানোর হক ও মর্যাদা আদায় করা যায়

بَاب مَا يُذْهِبُ مَذَمَّةَ الرِّضَاعِ

## আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا عَبْدَةُ عَنْ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ حَجَّاجِ بْنِ حَجَّاجٍ الْأَسْلَمِيِّ عَنْ أَبِيهِ أَنَّهُ قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا يُذْهِبُ عَنِّي مَذَمَّةَ الرَّضَاعِ قَالَ الْغُرَّةُ الْعَبْدُ أَوْ الْأَمَةُ

## বাংলা

২২৯৩. হাজ্জাজ আসলামী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে) জিজ্ঞাসা করেছিলেন, ইয়া রাসূলুল্লাহ্! আমার থেকে দুগ্ধপানের হক ও মর্যাদা কিভাবে আদায় করা যায়? তিনি বললেন, “(দুধমাকে) 'গুররা' তথা একটি দাস বা দাসী (প্রদান করার মাধ্যমে)।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। (তবে, ইবনু হিব্বানের মুহাক্বিক্ব শাইখ আরনাউত্ব এ হাদীসের রাবী হাজ্জাজ ইবনু হাজ্জাজ সম্পর্কে উল্লেখ করেছেন যে, তাকে ইবনু হিব্বান ব্যতীত আর কেউ ‘নির্ভরযোগ্য’ বলেননি। আর ইবনু হাজ্জাজ থেকে উরওয়া ব্যতীত অন্য কেউ এটি বর্ণনা করেননি। তা সত্ত্বেও তিরমিযী তার হাদীসটিকে হাসান সহীহ বলেছেন।– আল ইহসান, তাক্বরীব ইবনু হিব্বান হা/৪২৩০ এর টীকা দ্র: অনুবাদক))

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪২২৭, ৪২২৮ ও মাওয়ারিদুয যামআন নং ১২৬৩ ও মুসনাদুল হুমাইদী নং ৭৮৬ তে।

((আহমাদ ৩/৪৫০; আব্দুর রাযযাক ১৩৯৫৬; আবূ দাউদ, নিকাহ ২০৬৪; তিরমিযী, রাদা'আ ১১৫৩; নাসাঈ নিকাহ ৬/১০৮... আল ইহসান, তাক্বরীব ইবনু হিব্বান হা/৪২৩০ এর টীকা দ্র: অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82576

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন